

# **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ) পরিচেছদঃ তারুওয়া ও আল্লাহভীতি

# بَابُ الْخَوْف وَالتَّقْوَى

### আরবী

642 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ بِبَيْتِ الْمَقْدِسِ حَدَّتَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّتَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا النَّضْرِ حَدَّتَهُ أَنَّ عُتْمَانَ بْنَ مَظْعُونٍ لَمَّا قُبِرَ الْبُنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ أَبَا السَّائِبِ فِي الْجَنَّةِ فَسَمِعَهَا نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَت أُمُّ الْعَلَاءِ: طِبْتَ أَبَا السَّائِبِ فِي الْجَنَّةِ فَسَمِعَهَا نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَالَت (مَنْ هَذِهِ)؟ قَالَت يَا رَسُولَ اللَّهِ عُتْمَانُ بْنُ مَظْعُونٍ مَا رَأَيْنَاهُ بْنُ مَظْعُونٍ مَا رَأَيْنَاهُ بُنُ مَظْعُونٍ مَا رَأَيْنَاهُ إِلَّا خَيْرًا وَهَا أَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهِ مَا أَدْرِي مَا يُصنع بِي) إلاَّ خَيْرًا وَهَا أَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهِ مَا أَدْرِي مَا يُصنع بِي) قَالَ عَمْرُو: وَسَمِعَهُ أَبُو النَّضْرِ مِنْ خارجة بن زيد عن أبيه.

الراوي: أَبُو النَّضْرِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 642 | خلاصة حكم المحدث: صحيح.

#### বাংলা

৬৪২. আবুন নাযর রহিমাহুল্লাহ বলেন, যখন উসমান বিন মাযউন রাদ্বিয়াল্লাহু আনহুকে কবরস্থ করা হয়, তখন উম্মুল 'আলা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন: "হে আবুস সাইব (এটি উসমান বিন মাযউন রাদ্বিয়াল্লাহু আনহুর উপনাম), আপনি তো জানাতে সুখের জীবন লাভ করলেন!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই কথা শুনে বললেন: "কে এই মহিলা?" জবাবে মহিলা বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি বলেছি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "আপনি কী করে জানলেন (তিনি জানাতে আছেন)?" মহিলা বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ইনি তো উসমান বিন মায'উন রাদ্বিয়াল্লাহু আনহু!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হাাঁ, ইনি উসমান বিন মায'উন রাদ্বিয়াল্লাহু আনহু। তবে জেনে রাখুন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি জানি না যে, আমার সাথে কী আচরণ করা



### হবে?"[1]

আমর বলেছেন: "আবুন ন্যর হাদীসটি খারেজা বিন যাইদ থেকে, তিনি তার বাবার সূত্রে শ্রবণ করেছেন।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৩৬; তাবারানী, আল কাবীর: ২৫/৩৩৭; সহীহ আল বুখারী: ৩৯২৯; তাবাকাতু ইবনু সা'দ: ৩/৩৯৮।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৬৪২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাইয়্যান আবুন নাযর (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন